

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 04-01-2025

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) আগামীকাল বঙ্গোপসাগরে ভারত ও বাংলাদেশের মধ্যে বহু প্রতীক্ষিত, বন্দী মৎস্যজীবী বিনিময়; ভারতে ফিরে আসবেন দক্ষিণ ২৪ পরগনার ৯৫ জন মৎস্যজীবী।
- ২) কেন্দ্রীয় বঙ্গমন্ত্রী গিরিরাজ সিং আজ নদীয়ার ফুলিয়ায় ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হ্যান্ডলুম টেকনোলজির নবনির্মিত ভবনের উদ্বোধন করেন।
- ৩) কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর আজ স্বরূপ নগরে ইছামতি নদীর ওপর সড়ক সেতুর ভিত্তি প্রস্তর স্থাপন করেছেন।
- ৪) কেন্দ্রীয় কৃষি মন্ত্রী শিবরাজ সিং চৌহান এ রাজ্যে ফসল বীমা যোজনা কার্যকর করার ওপর জোর দিলেও রাজ্যের কৃষি মন্ত্রী বলেছেন, এখানকার কৃষকদের কাছে রাজ্যের দুটি নিজস্ব প্রকল্পই অনেক বেশি গ্রহণযোগ্য।
- ৫) মালদায় তৃণমূল কংগ্রেস কাউন্সিলারের খুনের পরিপ্রেক্ষিতে রাজনৈতিক ব্যক্তিত্বদের নিরাপত্তা পুনরায় খতিয়ে দেখা হচ্ছে।
- ৬) পাসপোর্ট জালিয়াতি কাণ্ডে কলকাতা পুলিশের প্রাক্তন এসআই আব্দুল হাইকে ১৮ ই জানুয়ারি পর্যন্ত জেল হেফাজতে পাঠানো হয়েছে।

ভারত ও বাংলাদেশের মধ্যে দুদেশের জলসীমায় বন্দী মৎস্যজীবীদের আগামীকাল বিনিময় করা হবে। এজন্য ডায়মন্ডহারবার সংশোধনাগার থেকে বাংলাদেশের ১২ জন মৎস্যজীবীকে হলদিয়ার তটরক্ষী বাহিনীর সদর কার্যালয়ে নিয়ে যাওয়া হয়েছে।

ওড়িশার পারাদ্বীপ থেকে নিয়ে আসা হয়েছে আরও ৭৮ জনকে। বাংলাদেশ উপকূল রক্ষী বাহিনীর হাতে তাদের তুলে দেওয়া হবে।

অন্যদিকে, ভারতীয় তটরক্ষী বাহিনীর হাতে তুলে দেওয়া হবে ওপারে বন্দী ৯৫ জন মৎস্যজীবীকে। তাদের অধিকাংশই দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপ ও নামখানার বাসিন্দা। আগামী সোমবার গঙ্গাসাগরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তাঁদের সঙ্গে সাক্ষাত করতে পারেন বলে নবান্ন সূত্রে জানা গেছে।

দক্ষিণ ২৪ পরগণার সুন্দরবনের গাজিখালীর সজনেখালি রেঞ্জের জঙ্গলে আজ বাঘের হামলায় এক মৎস্যজীবী প্রাণ হারিয়েছেন। ছোট মোল্লাখালির বাসিন্দা বছর ৪৭-এর গণেশ কাহার, বাসুদেব সরকার ও গোপাল বৈদ্য আজ সকালে জঙ্গলে মাছ ধরতে যান। সেখানে মাছ ধরার সময়ে বাঘ তাঁদের উপর হামলা চালায়। বাঘ প্রথমে গণেশকে আক্রমণ করে। সেই সময় অন্য দুই সঙ্গী তাঁকে বাঁচানোর চেষ্টা করলেও শেষরক্ষা হয়নি। কোনওরকমে বাঘের হাত থেকে গণেশের দেহটি তারা উদ্ধার করেন তাঁরা।

সুন্দরবন কোস্টাল থানার পুলিশ দেহটি ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। যে জায়গায় মাছ ধরার জন্য গণেশ কাহার গিয়েছিলেন সেখানে যাওয়ার বৈধ অনুমতি ছিল কি না, তা খতিয়ে দেখছে বনদপ্তর।

কেন্দ্রীয় বঙ্গমন্ত্রী গিরিরাজ সিং আজ নদীয়ার ফুলিয়ায় ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হ্যান্ডলুম টেকনোলজির নবনির্মিত ভবনের উদ্বোধন করেন। শ্রী সিং তাঁর ভাষণে বলেন, এই বাংলার মাটি বঙ্কিমচন্দ্র, নেতাজী ও বিবেকানন্দের স্পর্শধন্য। বাংলাকে কোনোভাবেই বাংলাদেশ হতে দেওয়া হবে না বলে তিনি মন্তব্য করেন। এ রাজ্যে

এনআরসি এবং সিএএ চালু করতে তিনি মানুষকে সচেতন হওয়ার আহ্বান জানান।
তন্তুবায়দের জন্য কিছু উন্নয়নী প্রকল্পের কথাও তিনি জানান।

বাইট

সাংসদ জগন্নাথ সরকার, হস্তচালিত তাঁতশিল্পীদের সাহায্যের জন্য নতুন
চিন্তাভাবনার প্রয়োজনীয়তার উল্লেখ করেন।

রাজ্যের বিরোধী নেতা শুভেন্দু অধিকারী, তাঁতশিল্পে ব্যবহৃত বিদ্যুতের মাশুল
বাণিজ্যিক হারের পরিবর্তে গার্হস্থ্য হারে দেওয়ার দাবি করেন। আমাদের জেলা
সংবাদদাতা এখবর দিয়ে জানাচ্ছেন, ২০১৫ সালে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হ্যান্ডলুম
টেকনোলজি চালু হওয়ার পর এটি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে চলত। কেন্দ্রের দেওয়া
প্রায় ৭৬ কোটি টাকা ব্যয়ে নির্মিত নতুন ভবনে স্মার্ট ক্লাসরুম, ছেলে ও মেয়েদের জন্য
পৃথক হস্টেল, অত্যাধুনিক ল্যাব, কনফারেন্স রুম ও প্রশাসনিক ভবন রয়েছে। তিন
বছরের ডিপ্লোমা কোর্সে বর্তমানে ৩০ টি আসন বাড়িয়ে আগামী শিক্ষাবর্ষ থেকে ৬০ টি
আসন করা হবে। এরাজ্য ছাড়াও বিহার, ঝাড়খন্ড এবং সিকিমের শিক্ষার্থীরা এখানে
ভর্তির সুযোগ পাবেন।

ধর্মীয় উৎসাহের জন্য ওপার থেকে চলে আসা হিন্দুদের নদীয়ার গাংনাপুর,
হাঁসখালি এবং রানাঘাট থানার পুলিশ গ্রেপ্তার করলেও রোহিঙ্গিয়া ও সংখ্যালঘু মানুষদের
আশ্রয় দেওয়া হচ্ছে বলে বিরোধী নেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। আজ
ফুলিয়ায় সাংবাদিক সম্মেলনে শ্রী অধিকারী আরও অভিযোগ করেন, এখানে শাসকদলের
নেতা কর্মীরা আধার ও ভোটার কার্ড তৈরি করে দিচ্ছে। অথচ শাসকদলের নেতারা

বিএসএফ-এর বিরুদ্ধে কথা বলছেন। জমি না দেওয়ার জন্য আন্তর্জাতিক সীমানার ৬০০ কিলোমিটার এলাকায় কাঁটাতারের বেড়া তৈরি করা যাচ্ছেনা বলে তিনি মন্তব্য করেন।

শুভেন্দু

কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর আজ স্বরূপ নগরে ইছামতি নদীর ওপর এক লেনের সড়ক সেতুর ভিত্তি প্রস্তর স্থাপন করেছেন। ১৬ কোটি টাকা ব্যয়ে ৬৪ মিটার দীর্ঘ এই সেতুর দুদিকে ১২০ মিটার দীর্ঘ রাস্তা থাকবে। এই সেতুর ওপর দিয়ে দু টন পর্যন্ত ভারি যান চলাচল করতে পারবে। জাহাজ চলাচলের জন্য ইছামতিতে ড্রেজিং করা হচ্ছে বলে শ্রী ঠাকুর জানিয়েছেন। তিনি অভিযোগ করেন, ভোটব্যাঙ্কের জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী অনুপ্রবেশকে মদত দিচ্ছেন। বিএসএফ অনুপ্রবেশ করলে গোটা দেশ এতদিন দখল হলে যেত বলে তিনি মন্তব্য করেন। অনুপ্রবেশ ঠেকাতে রাজ্য সরকারের কেন্দ্রকে সহযোগিতা করা প্রয়োজন বলেও তিনি অভিমত ব্যক্ত করেছেন।

দেশের কৃষি ক্ষেত্রে বর্তমান অবস্থা নিয়ে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ বিভিন্ন রাজ্যের কৃষিমন্ত্রীদের সঙ্গে ভারুয়াল বৈঠক করেন। বৈঠকে কেন্দ্রীয় কৃষি মন্ত্রী এরাভ্যে ফসল বীমা যোজনা কার্যকর করার ওপর জোর দিলে রাজ্যের কৃষি মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, এখানকার কৃষকদের কাছে রাজ্যের দুটি নিজস্ব প্রকল্প অনেক বেশি গ্রহণযোগ্য। শুধু কৃষক বন্ধু প্রকল্পেই রাজ্যের এক কোটি এক লক্ষ কৃষক নাম নথিভুক্ত করেছেন বলে উল্লেখ করে শ্রী চট্টোপাধ্যায় দাবি করেন, এখানে কৃষকদের আয় ২১১ শতাংশ বৃদ্ধি পেয়েছে। পশ্চিমবঙ্গ ছাড়াও অন্ধ্র, পাঞ্জাব ও বিহারের মত বেশ

কিছু রাজ্য কেন্দ্রীয় প্রকল্প গ্রহণ করেনি বলে শ্রী চট্টোপাধ্যায় বৈঠকে জানান। গোবিন্দভোগ চাল বিদেশে রপ্তানির অনুমতি চেয়ে ২০২২ সালে কেন্দ্রের কাছে আবেদন করা হলেও এখনও তার অনুমতি দেওয়া হয়নি বলে কৃষিমন্ত্রী জানান। রাজ্যে সারের বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে এবং এজন্য সার নিয়ে কালোবাজারি বাড়ছে বলেও রাজ্যের কৃষিমন্ত্রী অভিযোগ করেছেন।

মালদায় তৃণমূল কংগ্রেসের কাউন্সিলারের খুনের ঘটনা এবং তার জেরে মুখ্যমন্ত্রীর পুলিশের ভূমিকা নিয়ে স্ফোভ প্রকাশ করার প্রেক্ষিতে রাজনৈতিক ব্যক্তিত্বদের নিরাপত্তা পুনরায় পর্যালোচনা করা হচ্ছে। বিভিন্ন জেলায় রাজনৈতিক দলের নেতা-নেত্রীরা কী ধরনের পুলিশি নিরাপত্তা পাচ্ছেন তা নিয়ে নিরাপত্তা অধিকর্তা পীযুষ পাণ্ডে রিপোর্ট তলব করেছেন। সাম্প্রতিককালে কাদের নিরাপত্তা প্রত্যাহার করা হয়েছে পুলিশ সুপার এবং কমিশনারদের কাছে তাও জানতে চাওয়া হয়েছে। আগামীকালের মধ্যে ওই রিপোর্ট জমা দিতে হবে।

এদিকে, দুলাল ওরফে বাবলা সরকারের খুনের ঘটনায় ধৃত অভিজিৎ ঘোষ এবং অমিত রজককে আজ মালদা জেলা আদালতে তোলা হলে ১৩ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। এই নিয়ে এই ঘটনায় মোট ৫ জনকে গ্রেপ্তার করা হল। দুজনেরই বাড়ি মালদা শহর এলাকায়। খুনের ঘটনায় জড়িত দুষ্কৃতীরা বাবলা সরকারের কারখানার পাশে একটি ঝুপড়ি থাকছিল বলে জানা গেছে। সেখান থেকেই তারা ঐ নেতার গতিবিধির উপর নজরদারি চালাচ্ছিল।

পূর্ব মেদিনীপুরে ময়নার বাকচায় বিজেপি নেতা বিজয় কৃষ্ণ ভুইঞার খুনের ঘটনায় এনআইএ আজ মহারাষ্ট্র থেকে মোহন মন্ডল নামে একজনকে গ্রেপ্তার করেছে। তাকে ট্রানজিট রিমান্ডে রাজ্যে নিয়ে আসা হচ্ছে।

উল্লেখ্য, ২০২৩-এর পয়লা মে বিজেপি-র বুথ সভাপতি বিজয় কৃষ্ণ ভূঁইয়া খুন হন।
জাতীয় তদন্ত সংস্থা এন আই এ হাতে নেয় ঘটনার তদন্তভার।

পাসপোর্ট জালিয়াতী কাণ্ডে পুলিশের প্রাক্তন এস আই আব্দুল হাইকে আজ
আলিপুর আদালতে তোলা হলে ১৮ই জানুয়ারি পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দেন
বিচারক। উত্তর ২৪ পরগণার অশোকনগরে নিজের বাড়ি থেকে গতরাতে
পুলিশ তাকে গ্রেফতার করে। কলকাতা পুলিশের পাসপোর্ট সেকশানে সাব ইন্সপেক্টর
পদে কর্মরত ছিলেন আব্দুল। কিছুদিন আগেই তিনি অবসর নেন। এই ঘটনায় এপর্যন্ত
মোট ৯ জনকে গ্রেফতার করা হলো।

আসন্ন গঙ্গাসাগর মেলায় পুণ্যার্থীদের সুবিধার্থে পূর্ব রেল বিশেষ ব্যবস্থা গ্রহণ
করেছে। পূর্ব রেলের দায়িত্ব প্রাপ্ত মুখ্য জন সংযোগ আধিকারিক দীপ্তিময় দত্ত একথা
জানিয়ে বলেন, প্রত্যাশিত ভিড়ের কথা বিবেচনা করে, শিয়ালদহ দক্ষিণ , কলকাতা
স্টেশন , লক্ষ্মীকান্তপুর , নামখানা, কাকদ্বীপ থেকে বিভিন্ন দিকে আগামী ১২ থেকে
১৭ই জানুয়ারী ১২ টি গ্যালোপিং ইএমইউ স্পেশাল ট্রেন চলবে। এছাড়াও, ৩টি
ইএমইউ লোকালের যাত্রাপথ বর্ধিত করা হবে। গ্যালোপিং মেলা স্পেশাল ট্রেনগুলি
বালিগঞ্জ, সোনারপুর, বারুইপুর, লক্ষ্মীকান্তপুর, নিশ্চিন্দপুর এবং কাকদ্বীপ স্টেশনে
থামবে। আগামী ১০ই জানুয়ারি থেকে ১৬ই জানুয়ারি পর্যন্ত কাশীনগর হল্ট স্টেশনে
কোনও ট্রেন থামবে না বলে পূর্ব রেল সূত্রের খবর।

গঙ্গাসাগর মেলা মাঠে আগুন নেভানোর জন্য ৭৫ টি অত্যাধুনিক বাইকের ব্যবস্থা
করা হয়েছে। এগুলি দ্রুত জনবহুল এলাকা এবং খুব কম পরিসরের মধ্যে ঢুকতে
পারবে। দ্রুত আগুন আয়ত্তে আনার জন্য ৫০ টি বাইকে ৩০ লিটার ফোমের ব্যবস্থা
থাকছে। বাকি ২৫ টি বাইকে পাইপ লাইনের মাধ্যমে জলের ব্যবস্থা রাখা হয়েছে।

গঙ্গাসাগর মেলার অগ্নিনির্বাপন ব্যবস্থাপনা খতিয়ে দেখতে আজ দুপুরে সাগরে যান রাজ্যের দমকল মন্ত্রী সুজিত বসু। সাগর মেলা অফিসে সমন্বয় বৈঠক করেন তিনি। উপস্থিত ছিলেন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বঙ্কিমচন্দ্র হাজরা, দক্ষিণ ২৪ পরগনা জেলার পরিষদের সহকারী সভাপতি শ্রীমন্ত মালি মহাকুমাশাসক মধুসূদন মন্ডল প্রমুখ।

সাংবাদিক বৈঠকে মন্ত্রী বলেন, গঙ্গাসাগর মেলাকে দুর্ঘটনামুক্ত করতে দমকল বিভাগের পক্ষ থেকে একাধিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। নামখানা, চেমাগুড়ি, বেনুবন, কচুবেড়িয়া, রুদ্রনগর, মেলা অফিস, কপিল মুনির মন্দির, জেলা শাসকের অফিস, বড়বাজার ও সমুদ্র সৈকত সহ ১২ টি জায়গায় অস্থায়ী দমকল কেন্দ্র কেন্দ্র তৈরি করা হয়েছে। ৪ টি বাফার জোনে গাড়ির ব্যবস্থা থাকছে। ৯৯টি হাইড্রেন পয়েন্টের ব্যবস্থা করা হয়েছে।

সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতাল ছাড়াও অন্যান্য হাসপাতালে কর্মরত চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিসের সময়সীমা বেঁধে দিয়েছে রাজ্য সরকার। স্বাস্থ্যভবনের এক নির্দেশিকায় বলা হয়েছে, সকাল ন'টা থেকে বিকেল চারটে পর্যন্ত কোনো চিকিৎসক প্রাইভেট প্র্যাকটিস করতে পারবেন না। পাশাপাশি এনাটমি, ফিজিওলজি বিভাগের চিকিৎসকদেরও জেনারেল ওপিডিতে ডিউটি করার কথা বলা হয়েছে। রোগী ভর্তির দিন সংশ্লিষ্ট ইউনিটের সিনিয়র চিকিৎসককে দুপুর দুটো পর্যন্ত হাসপাতালে থাকতে হবে। রাতেও কর্মরত সিনিয়র ফ্যাকাল্টিরা হাসপাতালে উপস্থিত থাকবেন। চিকিৎসকদের সপ্তাহে ছয় দিন হাসপাতালে উপস্থিত থাকা বাধ্যতামূলক করা হয়েছে। পাশাপাশি তাদের ডিউটি করার সময় সর্বাধিক বারো ঘন্টা বেঁধে দেওয়া হয়েছে।

পূর্ব বর্ধমানের রায়নার বিদ্যানিধি গ্রামে এক যুবকের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়ায়। স্ত্রীকে শ্বশুরবাড়ি থেকে আনা নিয়ে দু বাড়ির মধ্যে মাঝে মধ্যেই গন্ডগোল বাঁধত। আজ সকালে সুরেশ মাঝি নামে ঐ যুবকের ঝুলন্ত দেহ উদ্ধার হয়। পুলিশ দেহ উদ্ধার করতে গেলে গ্রামবাসীরা বাধা দেয়। স্ত্রীর পরিবারের লোকজনকে থানায় জিজ্ঞাসাবাদের জন্য নিয়ে যাওয়া হয়েছে।

পুরুলিয়া শহরের ভাঁটবাঁধ পাড়ার একটি পুকুর থেকে প্রায় ছ'দিন ধরে নিখোঁজ এক কিশোরীর দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। স্থানীয়রা আজ দেহটি ভেসে থাকতে দেখে পুলিশে খবর দেন। জানা গেছে, পুলিশ দম্পতির মেয়ে টামনা থানা এলাকার বাসিন্দা ১৩ বছর বয়সী ওই কিশোরী গত ৩০শে ডিসেম্বর ভোরবেলা বাড়ি থেকে বেরিয়ে নিখোঁজ হয়ে যায়। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।
